

- ১। সঙ্গে রিপু যে ছয়-জনা, সদায় করে কু-মন্ত্রণা,
 বাধ্য করতে সাধ্য হয় না, কি করি উপায় ।
 তারা ভজন পথের বাদী থাকে নিরবধি,
 দুষ্ট মদন রাজার বুদ্ধি অতিশয় ॥
- ২। কামিনী কুহক রসে, মগ্ন হয়ে আছি বসে,
 সাধন ভজন হবে কিসে, ভুলেছি মায়ায় ।
 কাট' মায়ারই বন্ধন প্রভু জনার্দন,
 এই দীনহীন, পদে এই ভিক্ষা চায় ॥



অন্তরা

তাল-গড়খেমটা

হরি উপাসনা, কর রে মন রসনা,

পারের বাসনা যদি হয় ।

জয় জয় হরিচাঁদ গুরুচাঁদ বলো, পারের সময় ব'য়ে যায় ॥

- ১। হ'য়ে নির্ভা রতি প্রেম পিরীতি, ভজরে জগতের পতি;
 অগতির গতি দয়াময় ।

তারে কর'লে চিন্তে, পারবি চিন্তে,

চিন্তামণির যদি দয়া হয় ॥

- ২। গৌসাই হীরামন আর তারকচাঁদ, মহানন্দ গোলকচাঁদ,
 গোপালচাঁদ উদয় ।

আমরা করজোড়ে প্রণাম করি,

ঠাকুর গুরুচাঁদের পায় ॥